# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 18-06-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) কলকাতা হাইকোর্ট পয়লা আগস্ট থেকে এরাজ্যে আবারও ১০০ দিনের কাজের প্রকল্প চালু করার জন্য কেন্দ্রকে নির্দেশ দিয়েছে। মুখ্যমন্ত্রী ও বিজেপি এই রায়কে স্বাগত জানিয়েছে।

২) রাজ্যের জারি করা নতুন OBC বিজ্ঞপ্তির ওপর কলকাতা হাইকোর্টের অন্তর্বর্তী স্থগিতাদেশকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে যাচ্ছে রাজ্য সরকার।

৩) নদীয়ার কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে আগামীকালের ভোট গ্রহণের জন্য সমস্ত প্রস্তুতি সম্পন্ন।

৪) সাহিত্য একাডেমী ২০২৫ এর যুব ও বাল সাহিত্য পুরস্কার প্রাপকদের নামের তালিকা প্রকাশ করেছে । এরাজ্য থেকে ত্রিদিব চট্টোপাধ্যায় ও সুদেষ্ণা মৈত্র- এই পুরস্কার পাচ্ছেন।

৫) দক্ষিণ-পশ্চিম বাংলাদেশ এবং সংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উপর অবস্থিত নিম্নচাপটি আজ সুস্পষ্ট নিম্নচাপে রূপ নিয়েছে।

oooooooooooooooooooo

কলকাতা হাইকোর্ট পয়লা আগস্ট থেকে এরাজ্যে আবারও ১০০ দিনের কাজের প্রকল্প চালু করার জন্য কেন্দ্রকে নির্দেশ দিয়েছে। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম ও বিচারপতি চৈতালী চ্যাটার্জী দাসের ডিভিশন বেঞ্চে আজ এই নির্দেশ দিয়ে বলেন, দুর্নীতি রোধে প্রয়োজনে কেন্দ্র যেকোনো শর্ত বা বিধি নিষেধ আরোপ করতে পারবে, যাতে এর আগের মতো দুর্নীতির ঘটনা পুনরাবৃত্তি না হয়।

এছাড়া এর আগে দুর্নীতির তদন্তে উদ্ধার হওয়া অর্থ আপাতত কেন্দ্রের কনসোলিডেটেড ফান্ডে রাখতে হবে। পরে সেখান থেকে কিভাবে তা বিলি করা হবে, সেই সিদ্ধান্ত নেওয়া হবে। প্রধান বিচারপতি আরও বলেন, তদন্তে টাকা উদ্ধার করা হলেও যাদের টাকা পাওয়ার কথা, তারা তা পাচ্ছেন না, তাই অবিলম্বে এই প্রকল্প চালু করা দরকার।

রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কেন্দ্রীয় কোনো পোর্টালের মাধ্যমে প্রাপকদের টাকা দেওয়ার ব্যবস্থা করার প্রস্তাব দিলে তাতে শিলমোহর দেয় আদালত। আগস্ট মাসেই মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, প্রকৃত প্রাপকদের বঞ্চিত করার অভিযোগে কেন্দ্র মহাত্মা গান্ধী গ্রামীণ কর্ম নিশ্চয়তা বা ১-শো দিনের রাজ্যের বরাদ্দ আটকে দেয়। গত তিন বছর ধরে বন্ধ রয়েছে এই প্রকল্প। তৃণমূল কংগ্রেস হাইকোর্টের রায়কে স্বাগত জানিয়ে বলেছে, এরফলে বাংলার মানুষের জয় হোল।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ১-শো দিনের কাজের প্রকল্প পুনরায় শুরু করার জন্য কলকাতা হাইকোর্টের রায়কে স্বাগত জানিয়েছে। তবে, রায়ে তারা পুরোপুরি সন্তুষ্ট নয় বলে, নবান্নে আজ তিনি সাংবাদিকদের জানান। মুখ্যমন্ত্রী আরও বলেন, শুধুমাত্র কাজ শুরু করলেই হবে না, এই প্রকল্পে এপর্যন্ত রাজ্যে যে বকেয়া আছে তাও কেন্দ্রকে মিটিয়ে দিতে হবে। এই দাবিতে তারা হাইকোর্টের কাছে রায় পুনর্বিবেচনার আর্জি জানাবেন। মুখ্যমন্ত্রী আরও জানান, সমস্ত নথিপত্র পেশ ও কেন্দ্রের প্রশ্নের জবাব দেওয়ার পরেও চার বছর ধরে কেন্দ্রীয় সরকার এই খাতে বরাদ্দ বন্ধ রেখেছে। দরিদ্র

শ্রমিকদের কাজ দিতে রাজ্য নিজের কোষাগার থেকে টাকা দিয়ে শুরু করেছে কর্মশ্রী প্রকল্প। তাই ন্যায় সংহতভাবে এই বকেয়া টাকা রাজ্যেরই প্রাপ্য।

সংযুক্ত কিষান মোর্চা ১০০ দিনের কাজ পুনরায় চালু করার জন্য কলকাতা হাইকোর্টের রায়কে স্বাগত জানিয়েছে । এক প্রেস বিবৃতিতে আজ সংগঠনের পক্ষ থেকে বলা হয়েছে, তাদের আন্দোলন ও আইনী লড়াইয়ের মধ্যে দিয়েই এই রায়ের সাফল্য এসেছে।

oooooooooooooooooooo

বিজেপি, আদালতের এই রায়কে স্বাগত জানিয়েছে। দলের কেন্দ্রীয় নেতা অমিত মালব্য এক্স হ্যান্ডেলে জানিয়েছেন,এই রায় ঐতিহাসিক এবং মমতা ব্যানার্জির সরকারের জন্য একটি বিশাল ধাক্কা ও দুর্নীতির বিরুদ্ধে লড়াইয়ে বড় জয়। তিনি বলেন, এই রায়ের অর্থ শুধুমাত্র রাজ্য সরকারের অপব্যবহারের কারণে প্রকল্পটি অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখা যাবে না। কঠোর পর্যবেক্ষণের জন্য কেন্দ্রীয় সরকারের হাতে এখন নিয়ন্ত্রণ থাকবে। এর ফলে শাসক দল আর লুট করতে পারবে না। দুর্নীতি থেকে উদ্ধার করা সব অর্থ তৃণমূল কংগ্রেসের কোষাগারের পরিবর্তে দেশের তহবিলে যাবে। সব সুবিধা দরিদ্রদের কাছে পৌঁছাতে হবে। বাংলার দরিদ্র মানুষ ন্যায্যভাবে তাদের প্রাপ্য পাবেন।

ooooooooooooooooooooo

রাজ্য সরকার, তাদের জারি করা নতুন OBC বিজ্ঞপ্তির ওপর কলকাতা হাইকোর্টের অন্তর্বর্তী স্থগিতাদেশকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে যাচ্ছে। রাজ্যের দাবি, এই তালিকার ওপর স্থগিতাদেশের ফলে কলেজগুলিতে ভর্তি প্রক্রিয়া ব্যাহত হবে। একইসঙ্গে সুপ্রিম কোর্টের নির্দেশে SSC-র নতুন নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করাও সম্ভব হবে না।

এদিকে, ওবিসি সংরক্ষণ প্রসঙ্গে কলকাতা হাইকোর্ট যে রায় দিয়েছে তাতে ন্যায় বিচার হয়নি বলে তৃণমূল কংগ্রেস দাবি করেছে। দলের নেতা কুনাল ঘোষ এবং অরূপ চক্রবর্তী আজ সাংবাদিকদের বলেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ওবিসি সংক্রান্ত সমস্যার সমাধানে যেসমস্ত ইতিবাচক পদক্ষেপ নিচ্ছিলেন তাতে এই রায়ে বোধ হয় ন্যায়বিচার প্রতিফলিত হল না। সরকারের তরফে আইনি লড়াই চলবে।

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সম্প্রতি একটি সভায় বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধানের সঙ্গে তুলনা করে রাজ্য সরকার সম্পর্কে যে মন্তব্য করেছেন তা দেশ বিরোধী বলে শাসক দলের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে। এ ধরনের মন্তব্য ভারতের যুক্তরাষ্ট্রীয় কাঠামো তথা কেন্দ্র-রাজ্য সম্পর্কের পরিপন্থী। এই মন্তব্যের জন্য বিরোধী দলনেতাকে ক্ষমা চাইতে হবে বলেও তাদের দাবি ।

০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্টের অনুমতি নিয়ে আজ দুপুরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দক্ষিণ ২৪ পরগনার মহেশতলা পুরসভার রবীন্দ্রনগর থানা এলাকায় যান। ওই এলাকায় গোষ্ঠী সংঘর্ষে ক্ষতিগ্রস্তদের সঙ্গে কথা বলেন তিনি।

এদিকে তার মহেশতলায় যাওয়া নিয়ে পুলিশ আদালতের নির্দেশ অমান্য করেছে বলে বিরোধী দলনেতা অভিযোগ করেছেন।

(বাইট)

শ্রী অধিকারী জানান, সরকার তার মহেশতলা পরিদর্শনে এত বাধা সৃষ্টি করলেও আক্রান্ত হিন্দুরা তার সঙ্গে দেখা করেছেন এবং তিনি ওই ভাঙ্গা তুলসী মঞ্চ ও মন্দির দর্শন করেছেন।

oooooooooooooooooooo

আগামী ২১শে জুন বিশ্বজুড়ে উদযাপিত হবে ১১তম আন্তর্জাতিক যোগ দিবস। আকাশবাণী সংবাদ আপনাদের সামনে উপস্থাপন করছে একটি বিশেষ প্রতিবেদন, যেখানে তুলে ধরা হয়েছে কীভাবে প্রাচীন ভারতীয় ঐতিহ্য থেকে যোগ আজ একটি বিশ্বব্যাপী আন্দোলনে রূপান্তরিত হয়েছে। আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তীর একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

১১-তম আন্তর্জাতিক যোগ দিবসের মূল ভাব "এক পৃথিবী, এক স্বাস্থ্য-এর জন্য যোগ" একতা ও সুস্থতার বার্তা বহন করে। জাতি, ধর্ম বা দেশ যাই হোক না কেন, যোগ প্রত্যেককে একটি স্বাস্থ্যকর, আরও ভারসাম্যপূর্ণ এবং অর্থবহ জীবনের পথে এগিয়ে নিয়ে যেতে পারে।

ooooooooooooooooooooooooo

আন্তর্জাতিক যোগ দিবস নিয়ে বিশেষ আলোচনা শুনবেন আগামীকাল (বৃহস্পতিবার) , রাত ৮টায়, গীতাঞ্জলি প্রচারতরঙ্গ ও DTH পরিষেবায় । স্বামী বিবেকানন্দ যোগ অনুসন্ধান সংস্থানের অধিকর্তা ডক্টর অভিজিৎ ঘোষের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল। যোগাভ্যাসে পদকজয়ী কয়েকজনের কথাও শোনা যাবে।

সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও পাওয়া যাবে।

ooooooooooooooooooooooooo

কেন্দ্রীয় সরকারের ১১ বছর পূর্তি উপলক্ষ্যে আকাশবাণী কলকাতার গীতাঞ্জলী এবং DTH পরিষেবায় আজ রাত সাড়ে ন'টায় শুনবেন বিশেষ আলোচনা।

অংশ নিয়েছেন বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক রূপক সাহা এবং বিশিষ্ট আইনজীবি দেবজিৎ সরকার।

সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মোদি সরকারের ১১ বছর পূর্তি উপলক্ষ্যে আজ হাওড়া ময়দানে বিজেপির পক্ষ থেকে দলীয় কার্যক্রমের সূচনা হয়। প্রধান বক্তা ছিলেন রাজ্যসভার সাংসদ ও বিজেপির রাজ্য প্রধান মুখপাত্র শমীক ভট্টাচার্য। "মোদি সরকারের 11 বছর " পূর্তি উপলক্ষ্যে একটি প্রদর্শনীরও আয়োজন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে আগামীকালের ভোট গ্রহণের জন্য সমস্ত প্রস্তুতি সম্পন্ন। ভোট কর্মীরা ইতিমধ্যেই ভোটের সরঞ্জাম নিয়ে বুথে পৌঁছে গেছেন। ভোটগ্রহণ শুরু হবে সকাল ৭-টায়, চলবে সন্ধে ৬-টা পর্যন্ত। অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে কঠোর নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। ভোটদাতার সংখ্যা ২ লক্ষ ৫২ হাজার ৬৭০।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট – অনুপম)

প্রত্যেক বুথে কেন্দ্রীয় বাহিনীর জওয়ান মোতায়েন থাকবেন। তিনটি করে ওয়েব ক্যামেরার মাধ্যমে সব বুথে নজরদারি চালানো হবে বলে কালিগঞ্জ বিধানসভার রিটার্নিং অফিসার ফইয়াজ আহমেদ আকাশবাণীকে জানিয়েছেন। রাজনৈতিক দলগুলি বুথ থেকে ১০০ মিটার দূরে তাদের ক্যাম্প খুলতে পারবে।

এবারই প্রথম মোবাইল ফোন, বুথের বাইরে জমা রেখে ভোটারদের ভোটকেন্দ্রে প্রবেশ করতে হবে। পরিচয় পত্র হিসেবে ভোটার কার্ড ছাড়াও আরো ১২ টি নথিকে বৈধ বলে ঘোষণা করা হয়েছে।

নির্বাচন কমিশনের নির্দেশ মেনে এবার প্রতিটি বুথে ভোটার সংখ্যা বারোশোয় বেঁধে দেওয়া হয়েছে। ফলে মোট বুথের সংখ্যা বেড়ে হয়েছে ৩০৯ । সবচেয়ে বেশি ভোটদাতা রয়েছেন, বড় চাঁদ ঘর প্রাথমিক বিদ্যালয়ের বুথে। ২৩-শে জুন ভোট গণনা।

oooooooooooooooooooooooo

সাহিত্য একাডেমী ২০২৫ এর যুব ও বাল সাহিত্য পুরস্কার প্রাপকদের তালিকা প্রকাশ করেছে । সুদেষ্ণা মৈত্রর লেখা বাংলা কবিতা সংকলন 'একরোখা চিরুনি তল্লাশি' যুব পুরস্কার লাভ করেছে।

অন্যদিকে, ত্রিদিব কুমার চট্টোপাধ্যায়ের লেখা গল্পের বই 'এখনো গায়ে কাঁটা দেয়' বাল সাহিত্য পুরস্কার পেয়েছে। মালদার বাসিন্দা পেশায় কলেজ শিক্ষিকা সুদেষ্ণা মৈত্র আকাশবাণীকে জানালেন, কোনদিন ভাবেননি তিনি এই পুরস্কার পাবেন।

(তিনি বলেন , “একরোখা চিরুনি তল্লাশি" বইটিতে রয়েছে খানিকটা আত্মকথন যা চারপাশের জীবন থেকে উঠে আসা এবং “মা"শব্দটি সেখানে জড়িয়ে আছে ওতপ্রোতভাবে।)

বাইট - সুদেষ্ণা মৈত্র।

দীর্ঘদিন প্রকাশনা সংগঠনের শীর্ষ পদে থাকা ত্রিদিব চট্টোপাধ্যায় বলেন, দেরিতে হলেও দেশের সর্বোচ্চ এই সম্মানে তিনি আনন্দিত।

বাইট - ত্রিদিব চট্টোপাধ্যায়।

oooooooooooooooooooooooo

দক্ষিণ-পশ্চিম বাংলাদেশ এবং সংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উপর অবস্থিত নিম্নচাপটি আজ সুস্পষ্ট নিম্নচাপে রূপ নিয়েছে। আগামী ২৪ ঘণ্টায় এটি ধীরে ধীরে উত্তর-পশ্চিমে ঝাড়খণ্ডের দিকে অগ্রসর হবে। এর জেরে আগামী ৪৮ ঘণ্টায় দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা। পুরুলিয়া, পশ্চিম বর্ধমান ও পূর্ব মেদিনীপুর জেলায় অতিভারী বৃষ্টির লাল সর্তকতা জারি করা হয়েছে। বাঁকুড়া, ঝাড়গ্রাম, উত্তর ২৪ পরগনা ও হাওড়ায় জারি করা হয়েছে ভারী বৃষ্টির কমলা সতর্কতা।

এদিকে, উপ-কূলবর্তী এলাকায় ঘণ্টায় ৩৫ থেকে ৪৫ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত মাছ ধরতে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

অন্যদিকে উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতিভারী বৃষ্টির পূর্বাভাষ রয়েছে।

এদিকে, বৃষ্টিতে তাপমাত্রা বেশকিছুটা কমেছে। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের তুলনায় যা ৬ ডিগ্রীরও কম। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১২ দশমিক দুই মিলিমিটার।

ooooooooooooooooooo

ooooooooooooooooooo